হার্ট অপারেশনের পর হাসপাতাল ত্যাগ করা

পরিবারের জন্য তথ্য

গ্রেট অরমন্ড স্ট্রিট হাসপাতাল
ফর চিলড্রেন NHS ট্রাস্ট

যখন অধিকাংশ পরিবার ঘরে যাবার জন্য আগ্রহী থাকেন, আমরা মনে করি ইহা হয়ত চিন্তিত হওয়ারও সময়। এই তথ্য শীট কিছু সাধারন প্রশ্নের উত্তর দেবে, যা সাধারনত: হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার সময় পরিবাররা করে থাকেন। আপনার শিশুর অবস্থা ও পরবর্তী সেবা সম্পর্কে আপনাকে যে তথ্য দেয়া হবে তার সাথে সম্পর্ক রেখে ইহা ব্যবহার করা উচিত। আপনার দরকারী সকল তথ্য আপনি জানেন বলে নিশ্চিত করার জন্য আমরা এই তথ্য শীটের সর্বশেষে একটি চেকলিষ্ট দিয়েছি।

সূচীপত্র

ঘরে যাওয়া	1
আপনার শিশুর জখমের দেখাশুনা করা	1
অন্যান্য উদ্বিগ্নতা	2
স্বাভাবিক অবস্থায় ফিরে যাওয়া	3
কার্ডিয়াক অপারেশনের পর আপনার শিশুকে খাওয়ানো	3
আপনার শিশুকে ঔষধ দেয়া	4
টীকা বা প্রতিষেধক	5
আচরণে পরিবর্তন	6
প্লে, স্পোর্টস এবং স্কুল	6
এনডোকার্ডিটিজ এর ঝুঁকি কমানো	7
ছাড়া পাওয়ার পর পরবর্তী কাজ	8
অন্যান্য তথ্য	8
ছাড়া পাওয়ার বিষয়ে চেকলিষ্ট	9
দরকারী নম্বর সমূহ	পেছনের কভার

ঘরে যাওয়া (Going Home)

অধিকাংশ শিশুদেরকে বিকালে হাসপাতাল থেকে ছাড়া হয়। পাবলিক ট্রান্সপোর্টের মাধ্যমে ভ্রমন কোন সমস্যার কারন নয়, তবে যদি সম্ভব হয়, তাহলে আপনার উচিত কাউকে ব্যবস্থা করা যাতে আপনাকে গাড়ীতে করে নিয়ে যাওয়া হয়। ডিসচার্জ বা ছাড়া পাওয়ার দিন হাসপাতাল পার্কিং পারমিট দেয় এবং কিছু কিছু ক্ষেত্রে কনজেশন চার্জের রিফান্ড বা অর্থ ফেরত দেয়। মনে রাখবেন যে আপনার শিশুর একটি কার সীট বা সীট বেল্ট প্রথা অনুযায়ী দরকার এবং যদি আপনার ভ্রমন দীর্ঘ হয় তাহলে মাঝে মাঝে বিশ্রামের জন্য থামুন ও স্ন্যাকস ব্রেক নিন।

দয়া করে লক্ষ্য করুন যে, হাসপাতাল রুটিন মাফিক ঘরে ট্রান্সপোর্ট দিতে পারে না যদি না কোন মেডিক্যালগত কারন থাকে বা আপনার শিশুকে অন্য কোন হাসপাতালে বদলী করা হয়।

আপনার শিশুর জখম দেখাশুনা করা (Looking after your child’s wound)

জখম বা কাটা অংশ দুই থেকে তিন সপ্তাহের মধ্যে ঠিক হয়। সেলাই (ক্ষতস্থান) চামড়ার নীচে থেকে যাবে এবং সরিয়ে ফেলার দরকার নাই। চেষ্ট ড্রেইন সেলাইগুলো ড্রেইন বাহির হওয়ার 5 দিন পর সরিয়ে ফেলা দরকার। যদি আপনার শিশু ঘরে যাওয়ার পূর্বে তা সরিয়ে ফেলা না হয় তাহলে আপনার উচিত তাকে আপনার পারিবারিক ডাক্তার (জিপি) এর সার্জারীতে নিয়ে যাওয়া, ইহা করার জন্য। আপনি হয়ত জখমের বাহিরে একটি সূক্ষ্ম সাদা সেলাই দেখতে পাবেন, যা কয়েক সপ্তাহের মধ্যে ঝড়ে যাবে। জখম ও ইহার চারিদিকের স্থান পরিষ্কার রাখা গুরুত্বপূর্ণ। সকল প্রধান টিউব ও ড্রিপস সরিয়ে ফেলার পর আপনার শিশুকে শ্যালো বাথ বা শাওয়ার করাতে পারবেন। জখম এর স্থান মাইল্ড গন্ধবিহীন সাবান দ্বারা হালকা করে ধুয়া উচিত বা পানির সাথে মিশে এমন বেবী বাবল বাথ দ্বারা, একটি নরম পরিষ্কার স্পঞ্জ বা ফ্লানেল ব্যবহার করে। জখম এর স্থান ভেজা রাখবেন না যতক্ষন সকল আবরন যাবে। স্টিকি প্লাস্টার মার্কস ধুয়া কষ্টকর তাই প্লাষ্টার রিমুভার দিয়ে ধুয়া উচিত, যা ওয়ার্ডের স্টাফের নিকট পাবেন।

যদি জখম এর স্থান লাল দেখায়, ফুলে যায় বা ফোঁটা ফোঁটা কিছু পড়ে, তাহলে দয়া করে যত তাড়াতাড়ি সম্ভব আপনার পারিবারিক ডাক্তার (জিপি) এর সাথে যোগাযোগ করুন।
যে সকল সমস্যা দ্রুত সমাধান না হয় সে ব্যাপারে লেডীবার্ড ওয়ার্ড বা কার্ডিয়াক সম্পর্কিত নার্স ও অন্যান্য স্টাফদের সাথে আলোচনা করা উচিত।

অন্যান্য উদ্বিগ্নতা (Other concerns)

যদি আপনি নিম্নলিখিত কোন একটি লক্ষন দেখেন তাহলে শীঘ্রই আমাদের সাথে যোগাযোগ করুন।

শিশু (Babies)

- শ্বাসকষ্ট বৃদ্ধি পাচ্ছে
- নীল হওয়া বৃদ্ধি পাচ্ছে
- খাওয়াবার সময় দূর্বল বা ঘাম হওয়া
- ওজন বৃদ্ধি কম হওয়া
- ঘুম ঘুম ভাব বা চুলকানী বৃদ্ধি পাওয়া
- পাফি মুখ বা শুকনো ন্যাপিস
- অব্যাখ্যাকৃত জ্বর

ছেলেমেয়ে (Children)

- শারীরিক কাজ কর্মের ফলে ক্লান্তি বৃদ্ধি পাওয়া
- ঘুম ঘুম ভাব

- ওজন বৃদ্ধি কম হওয়া
- অব্যাখ্যাকৃত জ্বর

স্বাভাবিক হওয়া (Getting back to normal)

ঘরে আপনার ও আপনার শিশুর রুটিন পুনরায় ঠিক ঠাক করতে হয়ত কয়েকদিন লাগবে।

যদি আপনি নতুন শিশুকে ঘরে নেন, তাহলে আপনাকে মনে রাখতে হবে যে আপনার উদ্বিগ্নতার বেশীরভাগই কোন নতুন পিতামাতাকে নিয়ে এবং এর মধ্যে আছে খাওয়াবার অসুবিধা, ঘুমানোর সময়সূচি এবং ওজন বৃদ্ধি। ইহা স্বাভাবিক যে আপনার শিশুর হার্টের অবস্থা সম্পর্কেও আপনার অতিরিক্ত উদ্বিগ্নতা থাকবে, ওয়ার্ড স্টাফ আপনার হেল্থ ভিজিটরের সাথে পুর্বেই একটি এপয়েন্টমেন্ট করতে সহায়তা করার জন্য যোগাযোগ করে থাকবেন।

যদি আপনার কিছু জানার থাকে,তাহলে আপনার যোগাযোগের প্রথম স্থান হলো আপনার পারিবারিক ডাক্তার (জিপি), যাইহোক, যদি আপনি তারপরও দু:শ্চিন্তাগ্রস্থ থাকেন তাহলে দয়া করে তথ্য শীটে প্রদানকৃত নম্বরেরর যে কোন একটিতে আমাদের সাথে যোগাযোগ করুন।

আমাদের এডলস্সেন্ট এ রোগীদেরকে প্রভাবিত করে এমন বিষয় সমূহ পৃথক তথ্য শীটে বর্ণিত আছে, সুতরাং এর জন্য অনুরোধ করুন।

কার্ডিয়াক অপারেশনের পর আপনার শিশুকে খাওয়ানো (Feeding your child after a cardiac operation)

আমরা অনুভব করি যে ইহা একটি বিষয় যার জন্য পিতামাতা হাসপাতাল থেকে শিশু ছাড়া পাওয়ার পর উদ্বিগ্ন থাকেন, বিশেষ করে শিশু ও তরুন ছেলে মেয়ে। আমাদের লক্ষ্য হলো সার্জারীর পর আপনার শিশু যাতে ভালোভাবে খায় ও তার ওজন ক্রমাগত বৃদ্ধি পায় তা দেখা। যাইহোক, নবজাত শিশুকে খাওয়ানো একটি চ্যালেঞ্জিং বিষয় এবং ইহা বিশেষকরে সেই সকল শিশুর জন্য সত্যি যাদের কনজেনিটাল হার্টের অসুখ আছে।

আপনি হয়ত দেখবেন যে, আপনার শিশু খাওয়ার ব্যাপারে কম আগ্রহী, ধীরে ধীরে খাওয়া বা কোন লক্ষন দেখা দিলে যেমন ঘামানো বা শ্বাসকষ্ট হলে যখন খাওয়াবেন। ভালো ওজন বৃদ্ধি হতাশাজনক হতে পারে তবে আপনার স্বাস্থ্য পরিদর্শক হয়ত কিছু ব্যবহারিক পরামর্শ ও সহায়তা প্রদান করতে পারবেন। প্রথমে কয়েক সপ্তাহ বেবী ক্লিনিকে প্রতি সপ্তাহে ওজন পরীক্ষা হয়ত সহায়তামূলক হতে পারে। যদি সমস্যা অব্যাহত থাকে তাহলে আপনার শিশুর হয়ত ক্যালরিক সাপ্লিমেন্টের দরকার হতে পারে বা লক্ষন সমূহ দূর করতে তার ঔষধের পর্যালোচনা করতে হতে পারে। অনুরোধের পরিপ্রেক্ষিতে খাওয়ার ব্যাপারে অতিরিক্ত তথ্য পেতে পারেন।
যদি আপনার শিশু নাসোগ্যাসট্রিক ফিডিং বা সাপ্লিমেন্ট ফিড্স এর জন্য ঘরে যায় তাহলে আমরা আপনাকে এই বিষয়ে অতিরিক্ত তথ্য দেবো। আমরা আপনাকে প্রশিক্ষন দেবো কিভাবে নাগো ফিডস দিতে হয় এবং আপনার স্থানীয় টিমের সাথে লিংক প্রতিষ্ঠা করব। যদি আপনার শিশু সাপ্লিমেন্টাল ফিডিং এ থাকে তাহলে আমাদের খাদ্য বিশেষজ্ঞ আপনার পারিবারিক ডাক্তার (জিপি) এর সাথে লিয়াঁজো করবেন, অব্যাহত খাবার সরবরাহ নিশ্চিত করার জন্য।

শিশু এবং ছোট ছেলেমেয়েদের মত ইহা বড় ছেলেমেয়ের জন্যও খাওয়ার ব্যাপারে স্বাভাবিক পর্যায়ে নিতে পারে। একটি স্বাভাবিক স্বাস্থ্যকর খাদ্য ওজন বৃদ্ধি করতে সহায়ক হতে পারে এবং অধিকাংশ ছেলেমেয়েকে রক্ষনাবেক্ষন করতে পারে।

আপনার শিশুকে ঔষধ দেয়া (Giving your child medicines)

ইহা খুবই স্বাভাবিক যে, আপনার শিশুকে ঔষধসহ ছাড়া হবে। অধিকাংশ ছেলেমেয়েই প্রথম আউটপ্যাশেনট এপয়েন্টমেন্ট পর্যন্ত ঔষধ গ্রহন অব্যাহত রাখে, যখন আপনি তা ডাক্তারের সাথে পর্যালোচনা করতে পারবেন।

ওয়ার্ড টিমের একজন সদস্য আপনার সাথে ঔষধের ব্যাপারে কথা বলবেন এবং আপনাকে শিখাবেন কিভাবে তা খেতে হবে, ঘরে যাওয়ার পূর্বে। মনে রাখবেন যে লিখিত তথ্য এবং অডিও ভিজ্যুয়াল পডক্যাষ্ট সম্পর্কে তথ্য আমাদের ওয়েব সাইট http://www.gosh.nhs.uk/gosh_families/information_sheets/index.html তে পাবেন। দয়া করে লক্ষ্য করুন যে কার্ডিয়াক ঔষধের সাথে একই সময় আপনি ব্যাথা নাশক ঔষধ নিরাপদে গ্রহন করতে পারবেন । আপনার শিশুকে কোন নির্দিষ্ট ঔষধ প্রেসক্রাইব করার ব্যাপারেও আমরা আপনাকে তথ্য দেবো। দয়া করে প্রতিবার একটি ডোজ দেবার পূর্বে লেবেল যত্ন সহকারে পড়ুন, তবে বিশেষকরে যখন আপনি কোন নতুন ঔষধ সরবরাহ পাবেন। হাসপাতাল আপনাকে দুই সপ্তাহের ঔষধের সরবরাহ দেবে, তবে আপনাকে তারপর আপনার পারিবারিক ডাক্তার (জিপি)কে একটি রিপিট প্রেসক্রিপশনের জন্য জিজ্ঞাসা করা দরকার, যা আপনার স্থানীয় ফার্মেসীতে নেবেন। আপনার স্থানীয় ফার্মেসীতে হয়ত এই ঔষধ স্টক নাও থাকতে পারে, সূতরাং অনেক সময় হাতে নিয়ে আপনাকে রিপিট প্রেসক্রিপশন নিতে হবে। GOSH এর ফার্মেসী আপনার স্থানীয় ফার্মেসীকে পরামর্শ দিতে পারবে যে যদি তারা ঔষধগুলো অর্ডার করতে অসুবিধায় ভূগেন।

খাবার দেয়ার পূর্বে আপনার শিশুকে ঔষদ দিন যদি না বোতলে বর্ণিত থাকে। ইহার ফলে আপনার শিশু অসুস্থ হওয়ার সম্ভাবনা কম থাকে। যদি আপনার শিশু বমি করে বা থু থু ফেলে, ঔষধ দেবার পর পর বা ঔষধ দেয়ার কয়েক মিনিট পর, তাহলে হয়ত ঔষধটি আবার দিতে হবে। যদি ঔষধ দেয়ার অনেক পরে আপনার শিশু বমি করে বা থু থু ফেলে তাহলে ঔষধটি রিপিট করবেন না। কিছু কিছু ঔষধ কুব দ্রুত কাজ করে তাই আপনার শিশুর জন্য ইহা কম ক্ষতিকর, বেশী ঔষধ গ্রহন করার চেয়ে যদি অড বা অমিল ডোজ মিস করেন। ।

টীকা বা প্রতিষেধক (Immunisation)

অধিকাংশ কার্ডিয়াক অবস্থা সম্পন্ন শিশুকে সাধারন শিডিউল অনুযায়ী টীকা দেয়া উচিত। যাইহোক, আমরা পরামর্শ দেই যাতে হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার পর একমাস সময় পর্যন্ত আপনি টীকা দেয়া অব্যাহত রাখার ব্যাপারে অপেক্ষা করবেন। ইহাছাড়াও, যদি আপনার শিশুর আরও একটি সার্জারীর দরকার হয়, আমরা পরামর্শ দেই ভর্তি হওয়ার এক সপ্তাহ পূর্ব পর্যন্ত যাতে সে কোন টীকা না দেয়।

কিছু কিছু শিশুর ইমিউন সিষ্টেম ক্ষতিগ্রস্থ হওয়ার মত অতিরিক্ত সমস্যা হয়, বিশেষ করে Di George Syndrome যেখানে তা পাওয়া যায়, আপনার শিশুর কার্ডিওলজিষ্ট এবং ইমিউনোলজিষ্ট আপনাকে পরামর্শ দেবেন কিভাবে প্রতিষেধক প্রক্রিয়া চালিয়ে যাবেন।

আচরণে পরিবর্তন (Changes in behaviour)

ঘরে ফেরার পর পুনরায় এডজাষ্ট করার জন্য আপনার শিশুর হয়ত সময় নিতে হতে পারে। বিশেষ করে, সে হয়ত অধিক সংকুচিত এবং উদ্বিগ্ন, বিরক্তিকর ঘুমের অভ্যাস বা হয়ত অস্থায়ীভাবে তার গন্তব্যের ব্যাপারে হতাশ। আপনি হয়ত লক্ষ্য করবেন যে আপনার শিশুকে হয়ত আরও সময় দেবার চাহিদা আছে এবং ধৈর্য্য দরকার আছে, যখন আপনি আবেগগত ও শারীরিকভাবে বিষন্ন থাকবেন। আচরণের এই পরিবর্তন স্বাভাবিক এবং সাধারনত: ছয় সপ্তাহের মধ্যে উন্নয়ন ঘটে। অনেক পিতামাতারা আরও রিপোর্ট করেন যে ঘরে প্রথম কয়েকদিন হতাশ বোধ করা এবং/বা একাকী বোধ করা । এই অনূভূতি সাধারনত : মোটামুটি দ্রুত বৃদ্ধি পায় তবে যদি তা চলতে থাকে, তাহলে দয়া করে আপনার পারিবারিক ডাক্তার (জিপি) এর সাথে কথা বলুন।

প্লে, স্পোর্টস এবং স্কুল (Play, sports and school)

ছোট ছোট শিশু ও বড় শিশুদের সাথে দয়া করে শান্ত কর্মকান্ড করতে ও রাফ ও টাম্বল প্লে পরিহার করতে উৎসাহিত করুন। প্রথম আউটপেশেন্ট এপয়েন্টমেন্ট পর্যন্ত আপনার শিশুকে শুধুমাত্র যে সকল কর্মকান্ড করতে দেবেন না তাহলো, খেলাধূলা, সাইকেল চালানো, ক্লাইম্বিং এবং সুইমিং। স্বাভাবিক কর্মকান্ডে জড়িত হওয়ার বিষয়ে পৃথকভাবে প্রথম আউটপেশেন্ট এপয়েন্টমেন্ট এর সময় আলোচনা করা হবে।

আপনার শিশুকে বাহিরে যাওয়ার বিষয়ে উৎসাহিত করা উচিত, তবে অনেক লোকজন এড়িয়ে চলা উচিত এবং যারা এক বা দুই সপ্তাহ যাবত অসুস্থ তাদের নিকট থেকে দূরে থাকা উচিত। আমরা সাধারনত: পরামর্শ দেই যে, আপনার শিশু যাতে দুই থেকে চার সপ্তাহ পর্যন্ত স্কুলে, নার্সারী বা প্লে-গ্রুপে না যায়। আপনার শিশুর স্কুল হয়ত কাজ সমূহ ঘরে পাঠাতে পারবে যাতে করে সে পেছনে পড়ে না যায়।

এনডোকার্ডিটিজ এর ঝুঁকি কমানো (Reducing the risk of endocarditis)

অনেক শিশুর হার্টে ইনফেকশনের ঝুঁকি বৃদ্ধি পায়, ইহাকে ' এনডোকার্ডিটিজ 'বলে এবং ইহা বিরল তবে সম্ভাব্য মারাত্মক সমস্যা। ' এনডোকার্ডিটিজ ' এর সবচেয়ে সাধারন কারন হলো 'অর্গানিজম' (ব্যাকটেরিয়া ও ফাংগি) যা সাধারনত: আমাদের মুখে থাকে বা আমাদের চামড়ায় থাকে, যা রক্ত কণিকায় যায় এবং হার্ট বা হৃৎপিন্ডে সম্প্রসারিত হয়।

' এনডোকার্ডিটিজ ' এর বড় ঝুঁকি হলো দাঁত ও মাড়ির অসুখ। তাই, ' এনডোকার্ডিটিজ ' প্রতিরোধ করার সবচেয়ে ভালো পথ হলো দাঁত ও মাড়ির অসুখ এড়িয়ে চলা। দাঁতের ভালো পরিচ্ছন্নতা গুরুত্বপূর্ণ ও নিয়মিত দাঁতের ডাক্তার দেখানো উচিত। যে কোন দাঁত ও মাড়ির অসুখ দ্রুত চিকিৎসা করা উচিত। আমরা আরও পরামর্শ দেই 'পিয়ারসিং' ও 'টাট্টু' আঁকা পরিহার করা উচিত।

' এনডোকার্ডিটিজ 'প্রাথমিক অবস্থায় ইনফ্লুয়েঞ্জা বা ফ্লুর মত, তবে ইহা খুব দ্রুত ঠিক হয় না। আপনার শিশু হয়ত সাধারনভাবে অসুস্থ বোধ করবে, উচ্চ জ্বর হবে, চুলকানী ও ক্রমাগত ব্যাথা হবে, এবং ঘামাবে। যদি আপনার শিশুর উচ্চ তাপমাত্রা বা জ্বর থাকে যা এক সপ্তাহের মধ্যে ঠিক না হয়, তাহলে আপনার পারিবারিক ডাক্তার (জিপি) এর সাথে যোগাযোগ করা খুবই গুরুত্বপূর্ণ।

অতীতে ইহা সুপারিশ করা হয় যে, শিশুদেরকে দাঁতের চিকিৎসার, অপারেশন, পিয়ার্সিং ও টাট্টুইং করার পূর্বে এন্টিবায়োটিক দিতে হয়। ন্যাশনাল ইনস্টিটিউট ফর হেলথ এন্ড ক্লিনিক্যাল এক্সেলেন্স (NICE) এর সাম্প্রতিক পরামর্শে দেখা যায় যে, এইভাবে এন্টিবায়োটিক দেয়ার ফলে যে ' এনডোকার্ডিটিজ 'প্রতিরোধ হয় এর কোন প্রমান নাই বরঞ্চ শিশুদেরকে এন্টিবায়োটিক্সের ঝুঁকির মধ্যে ফেলে। শুধুমাত্র সেই সময় তারা কোন শিশুকে এন্টিবায়োটিকের পরামর্শ দেন যখন শিশুর ইতিমধ্যেই ' এনডোকার্ডিটিজ ' থেকে থাকে বা ইতিমধ্যে প্রক্রিয়াকালীন সময়ে যদি কোন ইনফেকশনের উপস্থিতি থাকে, যেমন দাঁতের এবসিস বা ফোঁড়া।

ছাড়া পাওয়ার পর পরবর্তী ফলো আপ (Follow up after discharge)

কার্ডিয়াক লিয়াঁজো নার্সের কোন একজন ছাড়া পাওয়ার দুই কর্ম দিবসের মধ্যে আপনাকে ফোন করার চেষ্টা করবেন। যদি আপনি কল না পান তাহলে এই তথ্য শীটের শেষে দেয়া কোন একটি নম্বরে আমাদের সাথে যোগাযোগ করুন।

অধিকাংশ শিশুকেই ছাড়া পাওয়ার চার সপ্তাহের ভিতর ডাক্তার দেখে থাকেন, তবে যদি আমরা আপনার শিশুকে পূর্বে দেখতে চাই, তাহলে ঘরে যাওয়ার পূর্বে আমরা আপনার সাথে তা নিয়ে আলোচনা করব।
যদি আপনি ঘরে যাওয়ার পূর্বে তা করা না হয় তাহলে আউটপ্যাশেন্ট এপয়েন্টমেন্টের সময় ও তারিখ আপনার ঘরের ঠিকানায় পোষ্ট করে পাঠানো হবে।

ঘরে যাওয়ার পূর্বে দয়া করে নিশ্চিত করুন যে, আমাদের নিকট আপনার হাল-নাগাদ যোগাযোগের তথ্য আছে। যদি আপনি ছাড়া পাওয়ার চার সপ্তাহ পূর্বে কোন একটি আউটপ্যাশেন্ট এপয়েন্টমেন্ট না পান, তাহলে দয়া করে আমাদের সাথে যোগাযোগ করুন।

অন্যান্য তথ্যাবলী (Further information)

‘ এনডোকার্ডিটিজ ’ এর বিষয়ে নির্দেশিকা www.nice.org.uk

‘ এনডোকার্ডিটিজ ’ এর বিষয়ে চিলড্রেন হার্ট ফাউন্ডেশন ফ্যাক্টশীট এবং ডেন্টাল ওয়ার্ক
www.chfed.org.uk বা
টেলিফোন: 0808 808 5000

নোট্স

ছাড়া পাওয়ার সময়ের চেকলিষ্ট (Discharge checklist)

ঘরে যাওয়ার পূর্বে এই চেকলিষ্ট পূরন করা হয়ত উপকারী হবে, যাতে নিশ্চিত হওয়া যায় আপনার প্রয়োজনীয় সকল তথ্য আপনার নিকট আছে।

- ❑ আমি কি হাল-নাগাদ যোগাযোগের বিস্তারিত দিয়েছি ?
- ❑ ঘরে যাওয়ার জন্য আমি কি ব্যবস্থা করেছি ?
- ❑ আমার শিশুর রোগের ব্যাপারে ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনার বিষয়ে আমি কি জানি ?
- ❑ আমার কার্ডিওলজিষ্ট কে?
- ❑ কোথায় ও কখন আউটপ্যাশেন্ট এপয়েন্টমেন্ট হবে ?
- ❑ কখন সেলাই কাঁটা হবে ?
- ❑ আমার কমিউনিটি টিমের সাথে যোগাযোগ করা হয়েছে কি ?
- ❑ আমি কি আমার শিশুর ঔষধ সম্পর্কে বুঝি এবং কিভাবে তা দিতে হয় ?
- ❑ আমি কি জানি প্রথম কয় সপ্তাহ আমার শিশু কি করতে পারবে এবং কি করতে পারবে না ?
- ❑ কিভাবে আমি জখমের সেবা করব ?
- ❑ কি ধরনের লক্ষন নিয়ে আমি চিন্তিত থাকব ?
- ❑ ‘ এনডোকার্ডিটিজ ’সম্পর্কে আমার সাথে কেউ কি কথা বলেছে ?
- ❑ ঘরে নেয়ার জন্য আমার কি কোন বিশেষ যন্ত্রপাতি বা খাদ্য নেয়া দরকার ?
- ❑ আমার কি আর কোন তথ্যের দরকার ?

দরকারী নম্বর সমূহ

GOSH সুইচ বোর্ড	020 7405 9200
লেডী বার্ড ওয়ার্ড	020 7829 8829

কার্ডিয়াক লিয়াঁজো নার্স, এক্সটেনশন	5774
ব্রেষ্টফিডিং এড্ভাইস	ব্লিপ 0697 সুইচ বোর্ড থেকে
মেডিসিন তথ্য	020 7829 8608
কার্ডিয়াক ডায়াটেশিয়ান এক্সটেনশন	5849
সোশ্যাল ওয়ার্ক ডিপার্টমেন্ট এক্সটেনশন	5320

Gosh Trust August 2009
Ref: 2009F0596
চাইল্ড এন্ড ফ্যামিলি ইনফরমেশন গ্রুপ এর সহযোগীতায়
কার্ডিয়াক লিঁয়াজো নার্স কর্তৃক সমন্বয় করা হয়েছে

Great Ormond Street Hospital for Children NHS Trust
Great Ormond Street
London WC1N 3JH

www.goshfamilies.nhs.uk www.childrenfirst.nhs.uk